# উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতি : জনাব মো: মারুফ হাসান, প্রশাসক,
উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর
স্থান : প্রশাসকের সভাকক্ষ, বোচাগঞ্জ,দিনাজপুর
তারিখ : ০৮/০১/২০২৫খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যেগণের নাম ঃ

| ক্রঃ নং | নাম/পদবী ও ঠিকানা | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: মারুফ হাসান, প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | চেয়ারম্যান ০১ নং নাফানগর ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান ০৩ নং মুশিদহাট ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান ০৪ নং আটগাঁও ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | কৃষিবিদ নয়ন কুমার সাহা, উপজেলা কৃষি অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয় । অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | সদস্য সচিব সভাকে অবগত করেন বর্তমানে রবি মৌসুমে বোরো রোপণ চলমান সুতরাং সেচ, সুষম সার ব্যবস্থাপনাসহ, লাইন, লোগো, রোগ ব্যবস্থাপনা সময়মত নিশ্চিত করতে পারলে ফসলের ক্ষতি কম হবে এবং কৃষির উৎপাদন বৃদ্ধি পাবে অনেকাংশে। | এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন সভা, সেমিনার, মাঠ দিবস, উঠান বৈঠকসহ কৃষক প্রশিক্ষণে ধান উৎপাদনে সুষম সারের ব্যবহার এবং রোগ ও পোকামাকড় দমন করার ব্যাপারে কৃষকদের অবগত করতে হবে | সদস্য সচিব উপজেলা কৃষি সেচ বিষয়ক কমিটি বোচাগঞ্জ, দিনাজপুর |
| ২ | রবি মৌসুমে বিভিন্ন ধরণের সবজি, গম, ভুট্টা, সরিষাসহ অন্যান্য রবি ফসলের আবাদ বৃদ্ধির জন্য বীজ ও সারের সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বীজ ও সারের দোকান মনিটরিং করার ব্যাপারে আলোচনা করা হয়। | নিয়মিত বীজ ও সারের দোকান মনিটরিং করার ব্যাপারে আলোচনা করা হয়। | সদস্য সচিব উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি বোচাগঞ্জ, দিনাজপুর |
| ৩ | সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব নয়ন কুমার সাহা, বোচাগঞ্জ, দিনাজপুর সভাকে জানান আম, লিচুসহ বিভিন্ন ফল গাছের সার ও পানি ব্যবস্থাপনার বিষয়ে গুরত্ব দেওয়া আব্যশক। | মাটির রস অনুয়ায়ী সার ও সেচ ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করার ব্যাপারে বিভিন্ন সভা, সেমিনার, মাঠ দিবস, উঠান বৈঠকসহ কৃষক প্রশিক্ষণে কৃষকদের উদ্বুদ্ধ করতে হবে। | সদস্য সচিব উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি বোচাগঞ্জ, দিনাজপুর |
| ৪ | সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার জনাব নয়ন কুমার সাহা, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় উপস্থিত সকলে অবগতির জন্য জানান যে, নিরাপদ খাদ্য উৎপাদনের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর এর অনুমতি ব্যতীত ফসলে কীটনাশকের ব্যবহার না করার বিষয়ে সাধারণ কৃষকদের মাঝে গণসচেতনতা গড়ে তোলা বিশেষ প্রয়োজন এবং এ মর্মে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে | নিরাপদ খাদ্য উৎপাদনের জন্য সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন সভা, সেমিনার, মাঠ দিবস, উঠান বৈঠকসহ কৃষক প্রশিক্ষণে কীটনাশকের ব্যবহার কমিয়ে জৈব বালাইনাশক ব্যবহারের বিষয়ে আলোচনা ও নিরাপদ খাদ্য উৎপাদন বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। এ ব্যাপারে | সদস্য সচিব উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি বোচাগঞ্জ, দিনাজপুর |

CamScanner

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | আহবান জানান। | বিভিন্ন কীটনাশক কোম্পানির পণ্যের সঠিকতা যাচাইসহ কীটনাশকের দোকান নিয়মিত মনিটরিং করতে হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

০৮/০১/২৫

(মো: মারুফ হাসান)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
বোচাগঞ্জ, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বোচাগঞ্জ, দিনাজপুর

স্মারক নং- ১২.১৮.২৭২১.০৪১.০৮.০০২.২৫ ৩৭ তারিখঃ ০৮/০১/২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর
২. জনাব.................................................................সদস্য, কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি, বোচাগঞ্জ, দিনাজপুর
৩. অফিস কপি

০৮/০১/২৫

(নয়ন কুমার সাহা)
সদস্য সচিব
কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সম্মানীত সদস্যগণের উপস্থিতির স্বাক্ষর

স্থান ঃ ভাইস চেয়ারম্যানের সভা কক্ষে

তারিখ ঃ ০৮/০৩/২৫ খ্রি.।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | মো: মারুফ হাসান<br>উপজেলা নির্বাহী অফিসার | UNO | [স্বাক্ষর] | |
| ০২. | শাহেদ নেওয়াজ<br>চেয়ারম্যান, ০১ নং নাথানগর ইউনিয়ন পরিষদ, ঘোড়াঘাট | সদস্য | [স্বাক্ষর] | |
| ০৩. | মো: ওয়াক্কাস কাঞ্চন<br>চেয়ারম্যান, ০৩ নং মুশিদহাট ইউনিয়ন পরিষদ | সদস্য | [স্বাক্ষর] | |
| ০৪ | কৃষিবিদ নয়ন কুমার সাহা<br>উপজেলা কৃষি অফিসার<br>ঘোড়াঘাট, দিনাজপুর। | সদস্য সচিব | [স্বাক্ষর] | |
| ০৫ | | | | |
| | | | | |
| | | | | |